



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পিরোজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)
বাইপাস মোড়, মুজারকাঠী, পিরোজপুর।



SEIP
Skills For Employment Investment Program

বেকারত্ব দূর করতে চাও
হাতে কলমে প্রশিক্ষণ নাও

কারিগরি শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ
সামগ্রিক উন্নয়নের চালিকা শক্তি

সম্পূর্ণ বিনা খরচে মোটর ড্রাইভিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ পিরোজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) তে দেশ-বিদেশে কর্মসংস্থান উপযোগী দক্ষ গাড়ী চালক তৈরীর লক্ষ্যে Skills For Employment Investment Program (SEIP) প্রকল্পের অর্থায়নে সম্পূর্ণ বিনা খরচে ৪ (চার) মাস মেয়াদী (৩৬০ ঘন্টা) “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” ১ম ও ২য় ব্যাচে ভর্তির জন্য বাংলাদেশী বেকার যুবক-যুবতী যারা ড্রাইভিং পেশায় আগ্রহী তাদের ড্রাইভিং কোর্সে ভর্তি চলছে।

ক্র নং	কোর্সের নাম	মেয়াদ	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা	বয়স
০১।	মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স	৪ (চার) মাস (৩৬০ ঘন্টা/মাসে ২২ দিন)	ফ্রি (SEIP ব্যয় বহন করবে)	নূন্যতম জেএসসি /৮ম শ্রেণী পাশ	২০ হতে ৩৫ বছর পর্যন্ত

আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তির শর্ত সমূহ :

- * অষ্টম শ্রেণী/জেএসসি পাশের সনদপত্র/নম্বরপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি।
- * বয়স : ২০ হতে সর্বোচ্চ ৩৫ বছর পর্যন্ত (৩১/১২/২০১৮ মোতাবেক)।
- * পাসপোর্ট আকারের তিন কপি সত্যায়িত ছবি।
- * জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি।
- * সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য ও দৃষ্টিশক্তি সম্পর্কে প্রদত্ত সনদ পত্র (কালার ব্লাইন্ডদের আবেদন করার প্রয়োজন নেই)।
- * আবেদনকারীর অবশ্যই ড্রাইভিং পেশায় আগ্রহী হতে হবে এবং এই মর্মে অঙ্গীকার নামা দিতে হবে।
- * মহিলা, দরিদ্র, সুবিধাবঞ্চিত এবং পিছিয়ে পড়া জনগোষ্ঠী অগ্রাধিকার পাবে।

অন্যান্য বিষয় সমূহ :

- * এ প্রশিক্ষণে ও পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির জন্য কোন ‘ফি’ প্রদান করতে হবে না।
- * বৈদেশিক কর্মসংস্থানের সুবিধার্থে ইংরেজি এবং আরবি ভাষার ক্লাস অন্তর্ভুক্ত রয়েছে।
- * ১ম ব্যাচ : সকাল ৮:৩০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত এবং ২য় ব্যাচ : দুপুর ২:১৫ টা থেকে সন্ধ্যা ৬:৪৫ টা পর্যন্ত।
- * প্রশিক্ষণ শেষে বিআরটিএ কর্তৃক গৃহীত টেস্টে উত্তীর্ণ প্রশিক্ষার্থীদেরকে পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রদান করা হবে।
- * আবেদনপত্র বিতরণ ও জমা দেওয়ার তারিখ : ০১/১২/২০১৮ খ্রিঃ হতে ২০/১২/২০১৮ খ্রিঃ
(সকাল ৮:০০ টা থেকে দুপুর ২:০০ টা) পর্যন্ত।
- * ভর্তি পরীক্ষা (লিখিত / মৌখিক) : ২৩/১২/২০১৮ খ্রিঃ সকাল ১০:০০ টা।
- * ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ : ২৩/১২/২০১৮ খ্রিঃ বিকাল ৫:০০ টা।
- * ক্লাস শুরু তারিখ : ০১ জানুয়ারী ২০১৯ খ্রিঃ।
- * কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল অথবা বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন তারিখ ও তথ্য পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- * ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য অত্র কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করার জন্য বলা হলো।
- * প্রয়োজনে : ০১৭৪৫-৩৬২০০৭, ০১৭৮২-৪৩৯১৬৫, ০১৭৯৫-৮৮০৫২৩

(মোঃ মাহমুদ হোসেন)

অধ্যক্ষ

পিরোজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রণে : আরবান অফসেট প্রেস, পিরোজপুর। ০১৭২৮-৪৫৫৮৪৯